দৈনিক
# ইত্তেফাক

তারিখ 19 AUG 2016
পৃষ্ঠা ৩ 8 কলাম 16

# শতভাগ পাস যেসব শিক্ষা প্রতিষ্ঠানে

■ ইত্তেফাক ডেস্ক

চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ হয়েছে বৃহস্পতিবার।
এতে দেশের বিভিন্ন স্থানে যেসব শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষার্থীরা শতভাগ পাস করেছে
সে সম্পর্কিত খবর পাঠিয়েছেন ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতারা।

**ঝিনাইদহ:** ঝিনাইদহ ক্যাডেট থেকে এবারও এইচএসসি পরীক্ষায় যশোর বোর্ড
থেকে শতভাগ পরীক্ষার্থী পাস করেছে। তারা সবাই জিপিএ- ৫ পেয়েছে। এবারের
পরীক্ষায় ক্যাডেট কলেজ থেকে বিজ্ঞান বিভাগে ৫১ এবং মানবিক বিভাগ থেকে
একজন পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নেয়।

**মির্জাপুর (টাঙ্গাইল):** মির্জাপুর ক্যাডেট কলেজই সেরা ফলাফল অর্জন করেছে।
এ বছর এই ক্যাডেট কলেজ থেকে ৫২ জন ক্যাডেট এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান
বিভাগ থেকে অংশগ্রহণ করে গোল্ডেন প্লাসসহ সকলেই জিপিএ-৫ পেয়ে চমক
দেখিয়েছে।

কলেজের অধ্যক্ষ জানান, এখানে ক্যাডেটদের সুশৃংখল, আদর্শ ও সুনাগরিক
হিসেবে গড়ে তোলা হয়। পড়াশোনার পাশাপাশি বিভিন্ন শিক্ষায় শিক্ষিত করা হয়।
আগামীতে এই কলেজের ফলাফল আরো ভালো হবে এমন আশা করে সবার
সহযোগিতা কামনা করেছেন তিনি।

**পাবনা:** এইচএসসি পরীক্ষায় জেলায় শতভাগ জিপিএ-৫ পেয়ে এবারেও সেরা
পাবনা ক্যাডেট কলেজ। এ কলেজ থেকে ৫০ জন ক্যাডেট পরীক্ষা দিয়ে সবাই
জিপিএ-৫ পেয়েছেন।

**জয়পুরহাট:** জেলায় শীর্ষ স্থান দখল করেছে জয়পুরহাট গার্লস ক্যাডেট
কলেজ। এ কলেজে পাসের হার শতভাগ। এবার ৩৯ জন ছাত্রী বিজ্ঞান বিভাগ থেকে
পরীক্ষায় অংশ নিয়ে সকলেই জিপিএ-৫ পেয়েছেন।

**দিনাজপুর:** এবার দিনাজপুর শহরের বালুবাড়ি এলাকায় হলিল্যান্ড কলেজে
শতভাগ পাস করেছেন শিক্ষার্থীরা। এ কলেজে জিপিএ-৫ পেয়েছেন ১৩০ জন।